



প্রেরক : প্রধান শিক্ষক/ সম্পাদক,

# নলী ভীম চন্দ্র মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘরঃ নলী গোলবুনিয়া,

উপজেলাঃ মঠবাড়িয়া,

জেলাঃ পিরোজপুর।

স্থাপিতঃ ১৯২৮ইং

EIIN NO- 102725

বিদ্যালয় কোডঃ ২৫৬৫।

এমপিও কোডঃ ৫৪০৫০৯১৩০১

ই-মেইলঃ [sch102725@gmail.com](mailto:sch102725@gmail.com)

ওয়েবঃ [www.nalivimss.edu.bd](http://www.nalivimss.edu.bd)

মোবাইলঃ ০১৩০৯১০২৭২৫

স্মারক নং-নলী/ভিসি/০১/২০২৪

তারিখঃ ০২/০১/২০২৪ইং

বরাবর,  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল।

বিষয়ঃ এডহক কমিটি প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, অত্র বিদ্যালয় দীর্ঘদিন যাবৎ এডহক কমিটির মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। এর কারন হিসেবে বিনয়ের সাথে ব্যাখ্যা করছি যে, প্রথম অবস্থায় মামলা জনিত কারনে নিয়মিত কমিটি গঠনে বাধা সৃষ্টি হয়। দ্বিতীয়ত মামলা নিষ্পত্তির পরে মহামারী করনা কালীন নিয়মিত কমিটি গঠনের কার্যক্রম সরকারিভাবে স্থগিত ছিল। তৃতীয়ত এডহক কমিটির সভাপতি যিনি নির্বাচিত হয়েছেন তিনি নিয়মিত কমিটি গঠনে গৃহীত কার্যক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন নাই। আমি নিয়মিত কমিটি গঠনে যাবতীয় কার্যক্রম গ্রহণ করলেও সভাপতি মহোদয় উক্ত কার্যক্রমে অনুমোদন করেন নাই বিধায় আমি নিয়মিত কমিটি গঠন করতে ব্যর্থ হয়েছি। আমার বিদ্যালয়ে নিয়মিত কমিটি গঠন করা এতটা জরুরী যে, আপনি জানলে অবাধ হবেন। অত্র বিদ্যালয়ে বিগত তিন বছর যাবৎ চতুর্থ শ্রেণির পদ সম্পূর্ণ শূন্য অর্থাৎ একজনও চতুর্থ শ্রেণির কর্মচারী নাই। এছাড়া তৃতীয় শ্রেণির কর্মচারীর পদটিও চার বছর যাবৎ শূন্য বিরাজ করছে। যা বিদ্যালয়টি পরিচালনায় ভীষনভাবে ব্যহত হচ্ছে। এসব কারনেই নিয়মিত কমিটি গঠন অতীব জরুরী হওয়া সত্ত্বেও সভাপতি মহোদয়ের বিরূপ মনোভাবের কারনে নিয়মিত কমিটি গঠন করতে পারি নাই। তবে এবারে যাকে সভাপতি মনোনয়ন করে আপনার বরাবরে প্রেরন করা হয়েছে তিনি আমার সাথে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে যে, এবারে সে নিয়মিত কমিটি গঠনের যাবতীয় কার্যক্রমে বিদ্যালয়ের সাথে অনুমোদন সহ সকল ধরনের সহযোগীতা অব্যাহত রাখবেন। তাই বিদ্যালয়ের স্বার্থে প্রেরনকৃত এডহক কমিটি অনুমোদনের জন্য বিনীত প্রার্থনা করছি।

অতএব, জনাবের নিকট নিবেদন, বিষয়টি হৃদয়াংগম পূর্বক যাবতীয় ব্যবস্থা গ্রহণে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

স্বপন কুমার হালদার  
প্রধান শিক্ষক/সম্পাদক  
নলী ভীম চন্দ্র মাঃ বিদ্যালয়  
ইনডেক্স নং-৩৬৫৫১৫  
মোবঃ ০১৭৩৩৫৯৭৮৭